কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠন

“হাসি মুখে রক্তদান, বাঁচতে পারে লক্ষ প্রাণ” এই স্লোগানকে সামনে রেখে গত ৫ বছর যাবত কয়েক হাজার রক্তের চাহিদা পুরণসহ প্রতিনিয়ত অত্র এলাকার অসুস্থ রোগীদের বিনা মূল্যে রক্তের প্রয়োজন মিটিয়ে থাকে প্রতিষ্ঠানটি।

আজ শনিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠনের জন্য কোটচাঁদপুর সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয় কনফারেন্স হল রুমে এক সভার আয়োজন করা হয়।

১ বছর মেয়াদী নতুন কমিটির সভাপতি হোন শিক্ষক মোঃ মশিয়ার রহমান, সাধারণ সম্পাদক মোঃ আঃ আলিম ও অর্থ সম্পাদক হোন মোঃ মেহেদী হাসান। পরিচালনা পর্ষদ এর পরিচালক নির্বাচিত হোন সরকারী কেসি কলেজ ঝিনাইদহ এর অধ্যাপক মোঃ আলমগীর হোসাইন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন অত্র স্কুলের প্রধান শিক্ষক মো: ইছাহক আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক মো: মফিজুর রহমান (মফিজ), ব্যবসায়ী মো: সোহরাব হোসেন, ব্যবসায়ী মো: রবিউল ইসলাম (খোকন), নিউ লাইফ হাসপাতালের পরিচালক ডা. মো: হাসানুজ্জামান (জনি), সাংবাদিক ও মানবাধিকার কর্মি মোঃ রেজাউল করিম, সাংবাদিক মোঃ আশরাফুজ্জামান, সাংবাদিক মোঃ রোকনুজ্জামান, সংগঠনের পরিচালনা পর্ষদ পরিচালক মো: আলমগীর হুসাইন, মো: ওমর ফারুক, মো: আব্দুল, আলিম, এছাড়াও উপস্থিত ছিলেন উক্ত সংগঠনের শুভাকাঙ্ক্ষী ও স্বেচ্ছাসেবকবৃন্দ।

মেহেরপুর বড়বাজার জামে মসজিদের নতুন কমিটি গঠন

অ্যাড. মারুফ আহমেদ বিজনকে সভাপতি ও ওষুধ ব্যবসায়ী সোহেল আহমেদকে সাধারণ সম্পাদক করে ২১ সদস্য বিশিষ্ট প্রস্তাবিত পরিচালনা কমিটি গঠণ করা হয়েছে।

আজ শুক্রবার জুম্মার নামায শেষে এক সভায় অন্তবর্তীকালীন কমিটি ও সাধারণ মুসল্লীদের সিদ্ধান্তে নতুন কমিটি অনুমোদন দেওয়া হয়। কমিটি গঠন সভায় সভাপতিত্ব করেন আহবায়ক আব্দুল মালেক বিশ্বাস। উপস্থিত ছিলেন সদস্য আনোয়ারুল ইসলাম কালু, হাজি মনিরুল ইসলাম, মো: মুস্তাফিজ, মুনির আহমেদ নাহিদ।

২১ সদস্য বিশিষ্ট কমিটির অন্য সদস্যরা হলেন, সিনিয়র সহসভাপতি আলহাজ্ব আমিরুল ইসলাম হাসা, সহসভাপতি আলহাজ্ব হসান হাবিব, যুগ্ম সাধারণ সম্পাদক-১ আব্দুর রকিব, যুগ্ম সাধারণ সম্পাদক-২ আহসান হাবিব, কোষাধ্যক্ষ নাজমুর সাদাদ বুড়ো, প্রচার সম্পাদক সৈয়দ মঞ্জুরুল হাসান টুটুল, মসজিদের পেশ ইমাম, আলহাজ্ব গোলাম মোর্শেদ চন্দন, রাজিউল হুদা সজল, আলজাজ্ব মো: আব্দুল গনি, জিয়ারুল ইসলাম, আব্দুস সাত্তার, মাওলানা মজিবুর রহমান, তাওফিকুল ইসলাম, আব্দুস সোবহান, আনছারুল হক, গোলাম মোস্তফা, ওয়াহেদুজ্জামান বাবু, মনিরুল ইসলাম।

কুষ্টিয়াতে স্বপ্ন প্রয়াসের নতুন কমিটি গঠন : সভাপতি রহিদ: সম্পাদক মেহেরাব

কুষ্টিয়ার অন্যতম সামাজিক সংগঠন স্বপ্ন প্রয়াস যুব সংস্থা’র নতুন কমিটি গঠন করা হয়েছে। নতুন এ কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পেয়েছেন সাদিক হাসান রহিদ এবং সাধারণ সম্পাদকের দায়িত্ব পেয়েছেন

মেহেরাব হাসান মুশফিক।

এছাড়াও কমিটির সহ-সভাপতি রিফাত হোসেন, ফারছা নাহার নৌশী, যুগ্ন সাধারণ সম্পাদক মো চমক ও এনামুল রহমান রাব্বি, কোষাধ্যক্ষ তানজিল আলম, পাবলিক রিলেশন অফিসার মো:সাব্বির রহমান, ইভেন্ট ম্যানেজার সাব্রিনা সাফিয়া রূম্পা,হিউম্যান রিচোর্স অফিসার মোছা ইয়াসমিন আক্তার, প্রচার সম্পাদক মো আশিকুর রহমান, কার্যনির্বাহী সদস্য রবিউল ইসলাম রাহুল, আকাশ আহমেদ, উজ্জল শেখ, হাসিবুল হাসান, মোছা: বিপাশা ইসলাম ও সদস্য ওবাইদুল ইসলাম।

প্রসঙ্গত, একটি সুন্দর সমাজ গড়ার প্রত্যয়ে নিয়ে ২০১৮ সালে ১৫ই জুন প্রতিষ্ঠা হয় সংগঠনটি। সংগঠনটি প্রতিষ্ঠিত হওয়ার পরে থেকে সমাজের সুবিধাবঞ্চিত মানুষের জন্য শীতবস্ত্র বিতরণ, ঈদ বস্ত্র বিতরণ, খাদ্যসামগ্রী বিতরণসহ ব্যাপক ভাবে সামাজিক নানান কর্মকান্ড পরিচালনা করে আসছে। এখন অব্দি কুষ্টিয়াসহ সারা বাংলাদেশে ৭ হাজার ব্যাগ রক্ত জোগাড় করে দিতেও সক্ষম হয়েছে সংস্থাটি।

এছাড়াও করোনাকালীন এসময়ে জরুরি অক্সিজেন সেবা ও ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন এলাকায় জীবাণুনাশক স্প্রে এবং কুষ্টিয়া শহরের বিভিন্ন জায়গায় বৃক্ষরোপন ও ২৩ হাজার গাছে চারা বিতরণ করা হয়েছে যা বর্তশানেও চলমান রয়েছে।